

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

পত্র সংখ্যা-৪৪.০৪.০০০০.০২২.০২.০০৪.২৬.১৪৫

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২
০৬ এপ্রিল, ২০২৬

বিষয়: সিভিল কর্মচারীদের প্রতি কারারক্ষীসহ গার্ডিং স্টাফদের আচরণ সংক্রান্ত নির্দেশনা।


সূত্র: কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/স-২/২০০৮/২৯৩; তারিখ: ০৪.০৯.২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে কারা অধিদপ্তরাধীন বিভিন্ন কারাগারে কর্মরত কারারক্ষী, সহকারী প্রধান কারারক্ষী ও প্রধান কারারক্ষীগণের মধ্যে কেউ কেউ কারা সহকারী, অফিস সহকারী, টাঙ্ক টেকার, টেইলর মাস্টার, ফ্যাক্টরি ওভারসিয়ার, হিসাবরক্ষক, ফার্মাসিস্টসহ অন্যান্য সিভিল কর্মচারীদের প্রতি অতিমাত্রায় ভোয়াজ প্রদর্শন করে 'স্যার' সম্বোধন ব্যবহার করছেন, যা দাপ্তরিক কাঠামো ও দায়িত্বের প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

উল্লেখ্য যে, উল্লিখিত বিষয়ে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে পূর্বেই প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছিল; তবে তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না বলে প্রতীয়মান হচ্ছে। এর ফলে কোনো কোনো ক্ষেত্রে ভোয়াজ প্রদর্শনকারীদের বিভিন্ন প্রকার সুবিধা প্রদানের অভিযোগও পাওয়া যাচ্ছে, যা সামগ্রিকভাবে একটি শৃঙ্খলাবদ্ধ বাহিনীর জন্য অনভিপ্রেত পরিস্থিতির সৃষ্টি করেছে। প্রসঙ্গত, উক্ত সিভিল কর্মচারীদের দায়িত্ব মূলত দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার সাথে সম্পৃক্ত। অপরদিকে কারারক্ষী, সহকারী প্রধান কারারক্ষী ও প্রধান কারারক্ষীগণ গার্ডিং ও নিরাপত্তা সংক্রান্ত দায়িত্ব পালনকারী নির্বাহী গোত্রভুক্ত ইউনিফর্মধারী সদস্য। উভয় শ্রেণির কর্মচারীর দায়িত্ব ও কার্যপরিধি ভিন্নতর হওয়ায় পারস্পরিক দাপ্তরিক আচরণও সে অনুযায়ী হওয়া বাঞ্ছনীয়।

এমতাবস্থায় সুষ্ঠু ও শৃঙ্খলাপূর্ণ কারা ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ইউনিফর্মধারী ও নন-ইউনিফর্ম কর্মচারীদের মধ্যে দাপ্তরিক আচরণবিধি যথাযথভাবে অনুসরণ করা একান্ত প্রয়োজন। সে প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপরোক্ত সিভিল কর্মচারীদের প্রতি অতিমাত্রায় ভক্তিসূচক 'স্যার' সম্বোধন ব্যবহার পরিহার করে পারস্পরিক সম্মান, সৌজন্য ও বয়সভিত্তিক উপযুক্ত সম্বোধন ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হলো [সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা (২০২১), সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এবং সাম্প্রতিক নির্দেশনা (জুলাই ২০২৫)]।

এ মর্মে আপনার অধীনস্থ সকল কেন্দ্রীয় ও জেলা কারাগারে কর্মরত সংশ্লিষ্ট সকলকে অবহিত করে নির্দেশনাটি যথাযথভাবে প্রতিপালনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;

২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ/সকল সদর দপ্তর;

অনুলিপি:

১। অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;

২। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;

৩। জেলার, কারা নিরাপত্তা সেল/প্রশিক্ষণ/অপারেশন, কারা অধিদপ্তর, ঢাকা;

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা নিরাপত্তা সেল/আইসিটি সেল(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), কারা অধিদপ্তর, ঢাকা;

৫। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা- মহোদয়ের সদয় অবগতির জন্য;